

শ্রেণি:	শিক্ষার্থী	ইস্যুর তারিখ:	7/3/09	নম্বর:	A-601
বিষয়:	অ্যাকটিভিটি, ক্লাব, অর্গানাইজেশন	পৃষ্ঠা:			১ এর ১

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ১৫ ফেব্রুয়ারি ২০০৭ তারিখে আরিকৃত চ্যাম্পেলরের প্রবিধান A-601 এর স্থলাভিষিক্ত হয়। এটি নন-অ্যাথলেটিক শিক্ষার্থী অর্গানাইজেশন এবং ক্লাব স্থাপনের প্রক্রিয়া এবং এগুলোকে যেসব বাধ্যবাধকতা মেনে চলতে হয় সেগুলো ব্যাখ্যা করে।

পরিবর্তনসমূহ:

- যোগাযোগের তথ্য হালনাগদ করা হয়েছে।

**সংক্ষিপ্তসার**

এই প্রবিধান ১৫ ফেব্রুয়ারি ২০০৭ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-601 এর স্থলাভিষিক্ত হয়। এটি নন-অ্যাথলেটিক শিক্ষার্থী অর্গানাইজেশন এবং ক্লাব স্থাপনের প্রক্রিয়া এবং এগুলোকে যেসব বাধ্যবাধ্যকতা মেনে চলতে হয় সেগুলো ব্যাখ্যা করে। এটি ২১ এপ্রিল, ২০১০ তারিখ ইস্যু করা চ্যান্সেলরের প্রবিধান A-601-কে রহিত করে।

**I. প্রক্রিয়া**

- A. ইন্টারমিডিয়েট, জুনিয়র এবং হাই স্কুলের শিক্ষার্থীদের ইকুয়াল অ্যাকসেস অ্যাক্ট এবং এই প্রবিধান মোতাবেক সংগঠন, ক্লাব এবং রাজনৈতিক, ধর্মীয় ও মতাদর্শিক গ্রুপ গঠন এবং সেগোতে অংশগ্রহণের অধিকার আছে।
- B. শিক্ষার্থীদের ক্লাব বা সংগঠনের সদস্যপদ জাতি, বর্ণ, কৃষ্টি, ধর্ম, বয়স, রাষ্ট্রিক পরিচয়, প্রতিবন্ধিতা, নাগরিকত্বের অবস্থা, বৈবাহিত অবস্থা, লিঙ্গ, অথবা যৌন পক্ষপাত নির্বিশেষে স্কুলের সব শিক্ষার্থীর জন্য উন্মুক্ত হতে হবে।
- C. শিক্ষার্থীদের সব ক্লাব এবং সংগঠন প্রিন্সিপ্যালের প্রত্যক্ষ তত্ত্বাবধানে থাকবে। প্রিন্সিপ্যালের অনুমোদন ব্যতীত কোন শিক্ষার্থী সংগঠন বা ক্লাবের কর্মকাণ্ডে স্কুলে, স্কুলের সম্পত্তিতে বা স্কুল আয়োজিত অনুষ্ঠানে হতে পারবে না।
- D. প্রতিটি স্কুল, এই প্রবিধানের সঙ্গে সঙ্গতিসাপেক্ষে, ক্লাব এবং সংগঠন প্রতিষ্ঠার ক্ষেত্রে নিজস্ব নীতি ও পদ্ধতি চালু করতে পারবে।
- E. সনদ রাতের জন্য প্রত্যেক শিক্ষার্থী এবং/অথবা অর্গানাইজেশনকে অবশ্যই:
  - একদল আগ্রহী শিক্ষার্থী কর্তৃক চালু করতে হবে;
  - স্কুলের শিক্ষা লক্ষ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ উদ্দেশ্য থাকতে হবে;
  - একজন ফ্যাকাল্টি অ্যাডভাইজর থাকতে হবে যিনি ডিপার্টমেন্ট অফ এডুকেশনের লাইসেন্সপ্রাপ্ত শিক্ষক;
  - স্টুডেন্ট গভর্নমেন্ট কর্তৃক অনুমোদিত হতে হবে;
  - প্রিন্সিপ্যাল কর্তৃক অনুমোদিত হতে হবে যিনি চার্টারিং প্রক্রিয়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত দেবেন।
- F. শিক্ষার্থী ক্লাব বা অর্গানাইজেশনের সঙ্গে আলাপ করে প্রিন্সিপ্যাল ফ্যাকাল্টি অ্যাডভাইজর নিয়োগ করবেন।
- G. সব শিক্ষার্থী ক্লাব এবং অর্গানাইজেশনের অনুষ্ঠান বা কর্মকাণ্ডে অবশ্যই একজন ফ্যাকাল্টি অ্যাডভাইজর অথবা প্রিন্সিপ্যালের মনোনীত ব্যক্তি উপস্থিত থাকবেন।
- H. প্রতিটি শিক্ষার্থী ক্লাব অথবা অর্গানাইজেশনের একটি গঠনতন্ত্র বা উপবিধি ফাইরে থাকতে হবে যেখানে এর উদ্দেশ্য, সদস্য, কর্মকর্তাদের দায়িত্ব, নির্বাচন প্রক্রিয়া এবং অভিশংসনের পদ্ধতি উল্লিখিত থাকবে।
- I. শিক্ষার্থী ক্লাব এবং অর্গানাইজেশনগুলো সদস্য ফি বা অন্য কোন ধরনের ভর্তি ফি আদায় করতে পারবে না।
- J. স্কুলে গুপ্ত সমিতি, গুপ্ত ক্লাব বা গুপ্ত অর্গানাইজেশন, গ্যাংসহ, অনুমোদিত নয়।
- K. শিক্ষার্থী ক্লাব বা কর্মকাণ্ড কর্তৃক আয়োজিত সকল ফান্ড রেইজিং অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-610 মেনে চলতে হবে।

**A-601**

অ্যাকটিভিটি, ক্লাব, অর্গানাইজেশন

7/3/09

২ এর ২

II. **তদন্ত**

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফোন:  
212-374-6807

*Office of Youth Development*  
N.Y.C. Department of Education  
52 Chambers St., Room 218  
New York, NY 10007

ফ্যাক্স:  
212-374-5751